# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১২তম বর্ষ, ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০১৯


## খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উদ্‌যাপিত

### "বঙ্গবন্ধু খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যে স্বপ্নের বীজ বপন করেছিলেন, তা আজকের কুয়েট"

-কেসিসি মেয়র





খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ এর আনন্দ শোভাযাত্রার নের্তৃত্ব দেন অনুষ্ঠানের প্রধান অতিথি খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড.কাজী সাজ্জাদ হোসেন।

বর্ণিল আয়োজন আর বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ০১ সেপ্টেম্বর রবিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ১৬তম বর্ষপূর্তি, বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের (কেসিসি) মাননীয় মেয়র আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। দিনটিকে স্মরণীয় করতে সেজেছিল পুরো বিশ্ববিদ্যালয়, সর্বত্রই ছিল সাজ-সাজ রব। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত হয় প্রীতি সমাবেশ। এরপর পৌনে ১০টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি'র একটি চৌকস দল প্রধান অতিথিকে গার্ড অব অনার প্রদান করে। এসময় অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, "১৯৭৪ সালে যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে এ প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু করা ছিলো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের দূরদর্শীতার প্রমান। বঙ্গবন্ধু খুলনা ইঞ্জিনিয়ারিংকলেজ হিসাবে যে স্বপ্নের বীজ বপন করেছিলেন, তা আজকের কুয়েট"।

## "EICT 2019" শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত




কুয়েটে EICT 2019 এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি আইসিটি ডিভিশনের সিনিয়র সচিব এন. এম. জিয়াউল আলমকে সম্মাননা স্মারক তুলে দেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।




কুয়েটে EICT 2019 এর সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ইউজিসি'র চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহকে স্মারক সম্মাননা হস্তান্তর করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ ২০-২২ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তিন দিনব্যাপী ৪র্থ "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ইলেকট্রিক্যাল ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (EICT 2019)" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। ইইই অনুষদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ২০ ডিসেম্বর শুক্রবার সকাল ১০টায় কনফারেন্সটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশনের মাননীয় সিনিয়র সচিব জনাব এন. এম. জিয়াউল আলম পিএএ এবং


*(২য় পৃষ্ঠায় দেখুন)*

## খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উদ্‌যাপিত

*(১ম পৃষ্ঠার পর)* উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-স্যান্সেলর প্রফেসর কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উদ্‌যাপন কমিটির সভাপতি ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। এরপর সকাল ১০.০৫ টায় অনুষ্ঠিত হয় আনন্দ শোভাযাত্রা। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, আমন্ত্রিত অতিথিসহ বাহারী সাজে সজ্জিত হয়ে বিভিন্ন হলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষিণ শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে এসে শেষ হয়। সকাল ১০.৩৫ টা থেকে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনী, কুয়েটের অর্জনঃ অতীত, বর্তমান ও ভাবিষ্যৎ শীর্ষক প্রেজেন্টেশন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এবং আর্কিটেকচার বিভাগের প্রভাষক মুনতাহা মার্জান সেতুর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, অফিসার্স এসোসিয়েশনের সহ-সভাপতি প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, ছাত্র কল্যাণ কমিটির সদস্য-সচিব সাদমান নাহিয়ান সেজান, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরান আলী এবং বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম। এছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে বৃক্ষ রোপন, দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ, ছাত্র-শিক্ষক প্রীতি ফুটবল ম্যাচ, দোয়া মাহফিল এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## EICT 2019 শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

*(১ম পৃষ্ঠার পর)* প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইইইই বাংলাদেশের চেয়ার প্রফেসর ড. শেলিয়া শাহনেওয়াজ। আয়োজক কমিটির সভাপতি ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আয়োজক কমিটির সম্পাদক প্রফেসর ড. মনির হোসেন।

শনিবার রাতে গেস্ট হাউজে কনফারেন্সটির আনুষ্ঠানিক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ তার বক্তব্যে বলেন, "বর্তমান সমাজ এবং অর্থনীতি প্রযুক্তির উপর নির্ভরশীল। বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়কে অগ্রসর করতে ইআইসিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে"। তিনি আরো বলেন, "প্রযুক্তির উৎকর্ষতা সাধনে গবেষণার জন্য ইউজিসি যতেষ্ট সুযোগ সৃষ্টি করেছে"। সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কনফারেন্সের টিপিসি চেয়ার সিএসই বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, টেকনিক্যাল সেক্রেটারী ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ সালাহ উদ্দীন ইউসুফ, আইইইই বাংলাদেশের চেয়ার প্রফেসর ড. শেলিয়া শাহনেওয়াজ এবং ইআইসিটি ২০১৯ এর চেয়ার ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। এছাড়া কনফারেন্স এর অংশ হিসেবে ২১ ডিসেম্বর শনিবার "ইউনিভার্সিটি-ইন্ড্রাস্ট্রি কোলাবোরেশনঃ বার্ণিং নিডস অব দ্যা এজ" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিস্‌ট্যান্স লার্নিং থিয়েটারে সকাল ১০ টায় ওয়ার্কশপের উদ্বোধন করেন ইআইসিটি ২০১৯ এর চেয়ার ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। ওয়ার্কশপ অর্গানাইজিং কমিটির চেয়ার ও ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইইইই বাংলাদেশ সেকশনের চেয়ার প্রফেসর ড. শেলিয়া শাহনাজ।

তিন দিনব্যাপী সম্মেলনে বিশ্বের ১৮ টি দেশ থেকে ৩৭৪ টি গবেষণা পেপার থেকে বাছাইকৃত ১১৭ টি পেপার মোট ২০ টি টেকনিক্যাল সেশনে উপস্থাপন করা হয় এবং সেরা ৩টি পেপার ও একটি পোস্টারকে পুরস্কৃত করা হয়। এছাড়া কনফারেন্সে ৬ টি কী-নোট সেশন ও ২টি টেকনিক্যাল ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

## যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

*(৩য় পৃষ্ঠার পর)* ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, ৪র্থ শ্রেণী কর্মচারী সমিতি, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, হল কর্মচারীবৃন্দ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হয় দোয়া মাহ্‌ফিল।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদ্‌যাপিত

*(শেষ পৃষ্ঠার পর)* অতঃপর কুয়েট শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, হলসমুহ, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন), কুয়েট শাখা বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাস্টাররোল কর্মচারী সমিতি, হল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকে পুস্পমাল্য অর্পণ করা হয়। এছাড়া, অন্যান্য কর্মসূচীর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে শিশু চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী, সকাল সাড়ে ৯টায় "দুর্বার বাংলা" চত্বরে গণসংগীত, বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে শিক্ষক বনাম ছাত্র প্রীতি ক্রিকেট ম্যাচ, বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান এবং সন্ধ্যায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ।

## শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

*(শেষ পৃষ্ঠার পর)* ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এবং অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। দিবসটি পালন উপলক্ষে বাদ আসর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান, সন্ধ্যা ৬ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোর মিছিল এবং সাড়ে ৬ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের মুক্ত মঞ্চে নাটক প্রদর্শিত হয়।

## জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

*(৩য় পৃষ্ঠার পর)* মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সজল কুমার অধিকারী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরান আলী এবং বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সভাপতি সোনালী বিনতে শরীফ। উল্লেখ্য, অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে নিহদের স্মরণে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

## শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর

*(৫ম পৃষ্ঠার পর)* ২৪ ডিসেম্বর মঙ্গলবার সকাল সাড়ে ১০ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ১৬ জন শিক্ষার্থীর মধ্যে বৃত্তি হিসাবে প্রত্যেককে বারো হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ, এন, এম মিজানুর রহমান, কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সদস্য কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এম. এম. এ হাসেম, ইলেকট্রনিঙ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন, কুয়েটএএএপি লোকাল রিপ্রেজেনটেটিভ কমিটির সচিব ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আব্বাছ আলী প্রমূখ।

# যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত



কুয়েটে জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। ১৫ আগস্ট বৃহস্পতিবার সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন ও হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে চিত্রাংকন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সকাল সাড়ে ১০ টায় ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধুর ভাস্কর্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, ফজলুল হক হল, লালন শাহ হল, খানজাহান আলী হল, ড. এম. এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন),

*(২য় পৃষ্ঠায় দেখুন)*

# জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত





জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাত বার্ষিকী ২০১৯ উপলক্ষ্যে কুয়েটে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ১৯ আগস্ট বিকাল সাড়ে ৩ টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় তিনি বলেন, "বঙ্গবন্ধুকে যদি আমরা সত্যিকারের শ্রদ্ধা ও ভালোবাসা জানাতে চাই তাহলে বঙ্গবন্ধুর আদর্শকে আমাদের বুকে ধারণ করতে হবে। তিনি ছিলেন মেহনতি মজদুরের দলে, শোষিত মানুষের পক্ষে। মাত্র তিন বছর আট মাসে একটি যুদ্ধ বিধ্বস্ত দেশকে উন্নয়নের স্তম্ভে দাড় করেছিলেন বঙ্গবন্ধু"। কুয়েটের ভাইস-চ্যান্সেলর আরো বলেন, "বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন সোনার বাংলার। তাঁর এই স্বপ্নকে বাস্তবায়নের জন্য আমাদেরকে সততার সাথে কাজ করতে হবে"। বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন

*(২য় পৃষ্ঠায় দেখুন)*


# দূরারোগ্য ব্যাধীগ্রস্থ শিক্ষার্থীর জন্য আর্থিক অনুদান হস্তান্তর



দূরারোগ্য ব্যাধীতে আক্রান্ত কুয়েটের ইসিই বিভাগের ছাত্রী সুমাইয়া খাতুনের উন্নত চিকিৎসার জন্য আর্থিক অনুদান হস্তান্তর করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

দূরারোগ্য ব্যাধীতে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের '১৭ ব্যাচের ছাত্রী সুমাইয়া খাতুনের উন্নত চিকিৎসার জন্য বিশ্ববিদ্যালয়ের জরুরী সাহায্য তহবিল থেকে ১ লাখ টাকা আর্থিক অনুদান হস্তান্তর করা হয়েছে। ০৪ ডিসেম্বর বুধবার দুপুরে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে দুইটি কিডনীর ৫০% বিকল অবস্থায় চিকিৎসাধীন সুমাইয়া খাতুনের বড় ভাইয়ের নিকট আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ইসিই বিভাগের প্রফেসর ড. মোঃ ফয়সল হোসেন।

# আধুনিকায়িত ব্যায়ামাগারের শুভ উদ্বোধন অনুষ্ঠিত



কুয়েটে আধুনিকায়িত ব্যায়ামাগারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ আধুনিকায়িত ব্যায়ামাগারের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ২৫ আগস্ট রবিবার বিকাল সাড়ে ৫টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন উপকরণ সম্বলিত ব্যায়ামাগারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের '১৫ ব্যাচের শিক্ষার্থী মোঃ ওসমান ফারুক ও মেটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৮ ব্যাচের শিক্ষার্থী মোঃ রাতুল হাসান। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## সিএসই বিভাগে "ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং ল্যাব" উদ্বোধন



কুয়েটের সিএসই বিভাগে "ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রোসেসিং ল্যাব" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক অথরিটির এমডি (সচিব) হোসনে আর বেগম।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক অথরিটির অর্থায়নে "ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং ল্যাব" এর উদ্বোধন করা হয়েছে। ০৭ জুলাই রবিবার সকাল ১১ টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক অথরিটির ব্যবস্থাপনা পরিচালক ও মাননীয় সচিব হোসনে আরা বেগম এবং সভাপতিত্ব করেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এবং আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক প্রজেক্টের প্রকল্প পরিচালক জনাব এ. এন. এম. শফিকুল ইসলাম। স্বাগত বক্তৃতা করেন অনুষ্ঠানের আহ্বায়ক ও সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আমিনুল হক আকন্দ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## লালন শাহ্ হলের আনুভূমিক সম্প্রসারণের লক্ষে নির্মাণ কাজের শুভ উদ্বোধন



কুয়েটের লালন শাহ্ হলের আনুভুমিক সম্প্রসারণের লক্ষে নির্মান কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর লালন শাহ্ হলের আনুভূমিক সম্প্রসারণের লক্ষে ১১ ডিসেম্বর বুধবার সকাল ১০টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফলক উম্মোচনের মধ্যদিয়ে নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিঁনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ, লালন শাহ্ হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার, বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, লালন শাহ্ হলের আবাসিক শিক্ষার্থী কামরুজ্জামান আব্দুর রাজ্জাক। উদ্বোধন শেষে দোয়া পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম মোঃ শরিফুল ইসলাম এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## খানজাহান আলী হলের আনুভূমিক সম্প্রসারণের লক্ষে নির্মাণ কাজের শুভ উদ্বোধন



কুয়েটের খানজাহান আলী হলের আনুভুমিক সম্প্রসারণের লক্ষে নির্মান কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর খানজাহান আলী হলের আনুভূমিক সম্প্রসারণের লক্ষে নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। 'খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ' প্রকল্পের আওতায় ১৮ ডিসেম্বর বুধবার সকাল সাড়ে ১০টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফলক উম্মোচনের মধ্যদিয়ে নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিঁনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ, খানজাহান আলী হলের প্রভোস্ট (চলতি দায়িত্ব) ড. মীর্জা মোঃ শাহরিয়ার মাসউদ, বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ, খানজাহান আলী হলের আবাসিক শিক্ষার্থী ওয়ালিদ বিন রহমান। উদ্বোধন শেষে দোয়া পরিচালনা করেন খানজাহান আলী হলের ইমাম শফিকুল ইসলাম এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## "অ্যাপ্লিকেশন অফ ম্যাথমেটিক্স ইন ডিফরেন্ট ফিল্ডস" শীর্ষক জাতীয় কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটের গণিত বিভাগের আয়োজনে "অ্যাপ্লিকেশন অফ ম্যাথমেটিক্স ইন ডিফরেন্ট ফিল্ডস" শীর্ষক দিনব্যাপী জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গণিত বিভাগের আয়োজনে এবং বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় "অ্যাপ্লিকেশন অফ ম্যাথমেটিক্স ইন ডিফরেন্ট ফিল্ডস" শীর্ষক দিনব্যাপী জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২০ ডিসেম্বর শুক্রবার সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে কর্মশালার উদ্বোধন করেন ইউজিসি প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ ও বাংলাদেশ গণিত সমিতির সেমিনার/ওয়ার্কশপ কমিটির কনভেনর শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ আশরাফ উদ্দীন। গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ জায়েদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে সমন্বয়কারী হিসেবে উপস্থিত ছিলেন গনিত বিভাগের প্রফেসর ড. মোঃ বজলার রহমান। কর্মশালায় গণিত বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।

## 'আপলিফটিং ইউনিভার্সিটি আউটকামস উইথ এ ভিশন কোয়ালিটি এডুকেশন এন্ড কোয়ালিটি রিসার্চ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




কুয়েটে "আপলিফটিং ইউনিভার্সিটি আউটকামস উইথ এ ভিশন কোয়ালিটি এডুকেশন এন্ড কোয়ালিটি রিসার্চ" শীর্ষক ওয়ার্কশ অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে 'আপলিফটিং ইউনিভার্সিটি আউটকামস উইথ এ ভিশন কোয়ালিটি এডুকেশন এন্ড কোয়ালিটি রিসার্চ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৩ জুলাই বুধবার সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্‌ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন অষ্ট্রেলিয়ার সিডনির সোলার ই টেকনোলজী ইন্টারন্যাশনাল এর প্রিন্সিপাল এন্ড ডিরেক্টর ড. রফিকুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণসহ অধ্যাপকবৃন্দ অংশগ্রহণ করেন।

## "প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পেতে হলে সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে"

- কুয়েট ভাইস-চ্যান্সেলর




কুয়েটে বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধন উপলক্ষ্যে শোভাযাত্রার নের্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেছেন, "প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পেতে হলে সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে, এজন্য প্রচুর পরিমানে গাছ লাগাতে হবে। ভালোভাবে বেঁচে থাকার জন্য দেশে যে পরিমাণ গাছের দরকার আমাদের দেশে তার চেয়ে অনেক কম রয়েছে, এ ঘাটতি দুর করতে হবে"। ০১ আগস্ট বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় প্রশাসনিক ভবনের সামনে বিশ্ববিদ্যালয়ের বৃক্ষ উন্নয়ন কমিটির আয়োজনে বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর এসব কথা বলেন। বৃক্ষ উন্নয়ন কমিটির সভাপতি ও লাইব্রেরীয়ান মোঃ আক্‌কাস উদ্দিন পাঠান এর সভাপতিত্বে এসময় বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, প্রভোস্টবৃন্দ, দপ্তর প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র‌্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে 'দুর্বার বাংলা' প্রাঙ্গণে এসে শেষ হয়। র‌্যালী শেষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর শিক্ষক-কর্মকর্তাদের সঙ্গে নিয়ে 'দুর্বার বাংলা' প্রাঙ্গণে গাছের চারা রোপন করেন।

## "রোল, রেসপন্সিবিলিটি এন্ড ইথিক্যাল প্রিন্সিপ্যালস অব ইউনিভার্সিটি টিচার" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে আইকিউএসি'র আয়োজনে দিনব্যাপী "রোল, রেসপন্সিবিলিটি এন্ড ইথিক্যঅল প্রিন্সিপ্যালস অব ইউনিভার্সিটি" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে দিনব্যাপী "রোল, রেসপন্সিবিলিটি এন্ড ইথিক্যাল প্রিন্সিপ্যালস অব ইউনিভার্সিটি টিচার" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৭ সেপ্টেম্বর শনিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্‌ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান এবং আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ মাহবুব হাসানের সঞ্চালনায় কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রভাষকগণ অংশগ্রহণ করেন।

## অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




কুয়েটে অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার বিধি, অগ্নিকান্ড প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার বিধি, অগ্নিকান্ড প্রতিরোধ ও প্রতিকার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর দপ্তরের আয়োজনে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনার সহযোগিতায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ২৪ ডিসেম্বর মঙ্গলবার সকাল ০৯টায় প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। তিঁনি বলেন, "আগুন ব্যবহারে সতর্কতা ক্ষতির পরিমান কমিয়ে দেয়। সকলেরই অগ্নিকান্ড এবং এ বিষয়ক প্রশিক্ষণ ও সাধারণ জ্ঞান থাকা আবশ্যক"। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগের উপ-পরিচালক মোঃ আকরাম হোসেন এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের অর্ধশতাধিক কর্মকর্তা, কর্মচারী অংশগ্রহণ করেন।

## শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর



কুয়েট এএএপি, অস্ট্রেলিয়া এর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর শিক্ষার্থীদের মধ্যে কুয়েট এলামনাই অ্যাসোসিয়েশন এশিয়া প্যাসিফিক (এএএপি), অস্ট্রেলিয়া এর ২০১৯-২০ শিক্ষা বর্ষের বৃত্তি প্রদান করা হয়েছে।

(২য় পৃষ্ঠায় দেখুন)

## "এন্ট্রিপ্রিনারশিপ উইথ আইটি ইনোভেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



কুয়েটে দিনব্যাপী "এন্ট্রিপ্রিনারশিপ উইথ আইটি ইনোভেশন" শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের আয়োজনে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশনের হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সহযোগিতায় দিনব্যাপী "এন্ট্রিপ্রিনারশিপ উইথ আইটি ইনোভেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৮ ডিসেম্বর শনিবার সকাল ০৯:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্‌ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আমিনুল হক আকন্দের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রজেক্ট ডিরেক্টর এ এন এম শফিকুল ইসলাম এবং আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রফেসর ড. খন্দকার আব্দুল্লাহ আল মামুন; ইউএসএ এর ইউবিট্রিক্স ইন্স. এর সিইও প্রকৌশলী মোঃ মিফতাহ উদ্দিন; মাজজেক ইন্স. এর সহ-প্রতিষ্ঠাতা ও সিটিও প্রকৌশলী আবিদুর রহমান মল্লিক এবং স্টাটা এর প্রতিষ্ঠাতা ও সিইও সৈয়দ তাসদিক। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।

## ক্যান্সারে আক্রান্ত কুয়েট শিক্ষার্থীর জন্য আর্থিক অনুদান হস্তান্তর



ক্যান্সারে চিকিৎসাধীন কুয়েটের ইইই বিভাগের ছাত্রী আমেনা আক্তারের উন্নত চিকিৎসার জন্য আর্থিক অনুদান চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের '১৭ ব্যাচের ছাত্রী আমেনা আক্তারের উন্নত চিকিৎসার জন্য বিশ্ববিদ্যালয়ের জরুরী সাহায্য তহবিল থেকে ১ লাখ টাকা, ইইই বিভাগ থেকে ৫০ হাজার টাকা ও রোকেয়া হল থেকে ১ লাখ ৪০ হাজার টাকা আর্থিক অনুদান হস্তান্তর করা হয়েছে। ২৩ জুলাই মঙ্গলবার সকাল ১০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ক্যান্সারে আক্রান্ত চিকিৎসাধীন আমেনা আক্তারের ভাই এ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের '১৮ ব্যাচের ছাত্র মাহফুজ হাসানের নিকট আর্থিক অনুদানের চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, অতিরিক্ত কম্পট্রোলার মোঃ মনিরুল হক খান।

## ভাইস-চ্যান্সেলর এর সঙ্গে বিদেশী অধ্যাপকগণের সৌজন্য সাক্ষাৎ



কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড.কাজী সাজ্জাদ হোসেন এর সাথে ভিনদেশী অধ্যাপকগণের সৌজন্য সাক্ষাৎ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন আমেরিকার গ্রান্ড ভ্যালী স্টেট ইউনিভার্সিটির স্কুল অফ ইঞ্জিনিয়ারিং এর পরিচালক প্রফেসর ড. সাব্বির চৌধুরী, মালয়েশিয়ার ইউনিভার্সিটি টেকনিক্যাল মালয়েশিয়া মিলাকা'র মেটালস্ এন্ড ম্যাটেরিয়ালস এর প্রফেসর ড. কামরুল আহসান এবং প্রকৌশলী ড. মশিউর ভূঞা। ২৩ ডিসেম্বর সোমবার দুপুরে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সোমবার সকালে প্রফেসর ড. সাব্বির চৌধুরী ও প্রফেসর ড. কামরুল আহসান মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের আয়োজনে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে "ইঞ্জিনিয়ারিং ক্রিয়েটিভিটি-আইডিয়েশন টু ম্যানুফ্যাক্‌চারিং" শীর্ষক কর্মশালা পরিচালনা করেন। কর্মশালায় অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

## আন্তঃহল ফুটবল ও অন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন



কুয়েটে আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এবং অন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১৯ অক্টোবর শনিবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আন্তঃহল ফুটবল প্রতিযোগিতা ২০১৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট, উপ পরিচালক (ছাত্র কল্যাণ), বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এছাড়া, বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অন্তঃবিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। উদ্বোধনী দিনে রবীন্দ্র সংগীত, নজরুল গীতি ও লালন গীতি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

## ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান




কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত শিক্ষার্থীদের মধ্যেসার্টিফিকেট প্রদান করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) অনুষদের আয়োজনে ১১ সেপ্টেম্বর বুধবার বিকালে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হওয়া অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন । অনুষ্ঠানে এমই অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান ড. কাজী আরিফ-উজ-জামান, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান জনাব ফারহানা মমতাজ এবং কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। উল্লেখ্য, প্রতি সেশনের ২টি টার্মে ৩.৭৫ এর উপরে জিপিএ পাওয়া শিক্ষার্থীরা যাদের কোন বিষয়ে 'এফ গ্রেড' থাকে না তারা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্সের ১৮.২ ধারা অনুযায়ী ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হয়। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের অন্তর্গত ৫টি বিভাগের ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মোট ২৭৭ জন শিক্ষার্থী এ তালিকায় অন্তর্ভূক্ত হয় এবং সার্টিফিকেট গ্রহণ করে।

## রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ অনুষ্ঠিত



কুয়েটের রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ অনুষ্ঠানে ছাত্রীদের পুরুষ্কৃত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর রোকেয়া হলে বার্ষিক প্রীতিভোজ ২০১৯ গত ২৪ ডিসেম্বর মঙ্গলবার রাতে হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, পরিচালক, বিভিন্ন হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টগণ এবং রোকেয়া হলের সহকারী প্রভোস্ট ও ছাত্রীরা উপস্থিত ছিলেন।

## ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান




কুয়েটের ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদাণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) অনুষদের আয়োজনে ০২ অক্টোবর বুধবার বিকালে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হওয়া অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সিই অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান আলী, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক, আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী। উল্লেখ্য, প্রতি সেশনের ২টি টার্মে ৩.৭৫ এর উপরে জিপিএ পাওয়া শিক্ষার্থীরা যাদের কোন বিষয়ে 'এফ গ্রেড' থাকে না তারা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্সের ১৮.২ ধারা অনুযায়ী ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হয়। সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের অন্তর্গত ৪ টি বিভাগের ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মোট ২১৬ জন শিক্ষার্থী এ তালিকায় অন্তর্ভূক্ত হয় এবং সার্টিফিকেট গ্রহণ করে।

## কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত



কুয়েটের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের আয়োজনে ২৭ আগস্ট মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বর্ধিত ভবনে অনুষ্ঠিত হয়েছে। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক শেখ ইয়াসির আরাফাত সিদ্দিকী এবং এম জি তৌফিক আহমেদ। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণসহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকমন্ডলী এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## শিক্ষক সমিতির আয়োজনে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



কুয়েটে শিক্ষক সমিতির আয়োজনে জাতীয় শোক দিবসের আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ২০ আগস্ট বিকাল ৪ টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃত করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ আতাউর রহমান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. সজল কুমার অধিকারী, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ হেলাল-আন-নাহিয়ান, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের প্রভাষক সৌমিত্র কুমার সরকার এবং ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগের প্রভাষক পলাশ সাহা।


## ভাইস-চ্যান্সেলর এর সাথে কর্মচারী সমিতির নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ



কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড.কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কুয়েটে কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নবনির্বাচিত কমিটির সদস্যবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন কুয়েটে কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নবনির্বাচিত কমিটির সদস্যবৃন্দ। ৩১ অক্টোবর বেলা ৩টায় কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নবনির্বাচিত সভাপতি মোঃ মামুনুর রশিদ জুয়েল ও সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলামের নেতৃত্বে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ে কমিটির অন্যান্য সদস্যবৃন্দের উপস্থিতিতে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর নবনির্বাচিত কমিটিকে অভিনন্দন জানিয়ে বিশ্ববিদ্যালয়ের স্বার্থ সমুন্নত রেখে সমিতির সদস্যদের জন্য কাজ করার পরামর্শ দেন। উল্লেখ্য, গত ২৮ অক্টোবর কুয়েটে কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়।

## মশক নিধন কর্মসূচী পালন



কুয়েটে মশক নিধন কর্মসূচীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ মশক নিধন কর্মসূচী পালিত হয়েছে। ৩০ জুলাই মঙ্গলবার বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সম্মুখে মশক নিধনের উপাদান স্পে করে এ কর্মসূচীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি বলেন, "সচেতনতাই মশাবাহিত রোগ থেকে আমাদের রক্ষা করতে পারে। সেজন্য আমাদের বসবাসের জায়গাগুলিকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে"। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ কমিটির আহবায়ক মোঃ আবুল হাসান শোভন ও সদস্য-সচিব সাদমান নাহিয়ান সেজান। বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ কমিটির আয়োজনে এবং পরিচালক (ছাত্র কল্যাণ) কার্যালয়ের সহযোগিতায় এ কর্মসূচী পালিত হয়। কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন।

## 'পরিস্কার পরিচ্ছন্নতা দিবস ২০১৯' পালিত




ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় কুয়েটে 'পরিস্কার পরিচ্ছন্নতা দিবস ২০১৯' উপলক্ষ্যে র‍্যালীর নের্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ।

ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ 'পরিস্কার পরিচ্ছন্নতা দিবস ২০১৯' সচেতনতামূলক সভা ও র‍্যালীর মধ্যদিয়ে পালিত হয়েছে। ০৫ আগস্ট সোমবার সকাল ১০ টায় প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের একটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। কর্মসূচী চলাকালীন অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, লাইব্রেরীয়ান ও বৃক্ষ উন্নয়ন কমিটির সভাপতি মোঃ আককাছ উদ্দিন পাঠান, প্রধান চিকিৎসা কর্মকর্তা ডাঃ রিফাত সুলতানা শেলী ও নিরাপত্তা কর্মকর্তা মোঃ সাদেক হোসেন প্রামানিক। কর্মসূচীর উদ্বোধন শেষে একটি র‍্যালী প্রশাসনিক ভবনের সম্মুখ হতে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুনরায় প্রশাসনিক ভবনের সম্মুখে এসে শেষ হয়। কর্মসূচী চলাকালীন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে আবর্জনা পরিস্কার করা হয় ও মশক নিধক ঔষুধ স্প্রে করা হয়। কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

# বিভিন্ন বিভাগ/শাখায় নতুন/পদোন্নতিপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তার যোগদান

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### সিই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ গত ১২ আগস্ট ২০১৯ ইং তারিখে সিই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান হিসাবে প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান বাদল এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান বাদল গত ০১ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### গণিত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ জায়েদুর রহমান এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ জায়েদুর রহমান গত ০১ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আইইএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. মোঃ রফিকুজ্জামান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ রফিকুজ্জামান গত ৩০ অক্টোবর ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান এর দায়িত্বগ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান গত ২৪ নভেম্বর ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে ড. ইসমাঈল সাইফুল্যাহ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. ইসমাঈল সাইফুল্যাহ অত্র বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ০১ আগস্ট ২০১৯ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### রোকেয়া হলের সহকারী প্রভোস্ট হিসেবে আয়শা সিদ্দিকা এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক আয়শা সিদ্দিকা গত ০৯ জুলাই ২০১৯ ইং তারিখ রোকেয়া হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে ড. মীর্জা মোঃ শাহরিয়ার মাসউদ এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মীর্জা মোঃ শাহরিয়ার মাসউদ গত ০১ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখ খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে সৌমিত্র কুমার সরকার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইউআরপি বিভাগের প্রভাষক সৌমিত্র কুমার সরকার গত ০১ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ

### লালন শাহ্ হলের সহকারী প্রভোস্ট হিসেবে মোঃ আব্দুর রাকিব এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মোঃ আব্দুর রাকিব গত ০১ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে লালন শাহ্ হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### গণিত বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোঃ হবিবুর রহমান এর যোগদান



ড. মোঃ হাবিবুর রহমান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০২ জুলাই ২০১৭ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

### সিই বিভাগে অধ্যাপক হিসেবে ড. এইচ এম ইকবাল মাহমুদ এর যোগদান



ড. এইচ এম ইকবাল মাহমুদ গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১৮ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### সিই বিভাগে অধ্যাপক হিসেবে ড. সজল কুমার অধিকারী এর যোগদান



ড. সজল কুমার অধিকারী গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২০ মে ২০১৮ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. ইসমাঈল সাইফুল্যাহ এর যোগদান



ড. ইসলাঈল সাইফুল্যাহ গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ মার্চ ২০১১ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ মাহফুজুর রহমান এর যোগদান



ড. মোঃ মাহফুজুর রহমান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

### এমই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ শরিফুল ইসলাম এর যোগদান



ড. মোঃ শরিফুল ইসলাম গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

## গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ হাসানুজ্জামান এর যোগদান



ড. মোঃ হাসানুজ্জামান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

## এলই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ আবুল হাসেম এর যোগদান



ড. মোঃ আবুল হাসেম গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৬ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ জহিরুল ইসলাম এর যোগদান



ড. মোঃ জহিরুল ইসলাম গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি গত ১০ জুন ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে জনাব অমিত কুমার পোদ্দার এর যোগদান



জনাব অমিত কুমার পোদ্দার গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে জনাব আবু সাঈদ মোঃ জান্নাতুল ইসলাম এর যোগদান



জনাব আবু সাঈদ মোঃ জান্নাতুল ইসলাম গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## সিএসই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে জনাব মোঃ মিলন ইসলাম এর যোগদান



জনাব মোঃ মিলন ইসলাম গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে যোগদান করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব দোলা দাস এর যোগদান



জনাব দোলা দাস গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি বাগেরহাট জেলার কারারী, রাখালগাছির এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে জনাব প্রান্ত কারুয়া এর যোগদান



জনাব প্রান্ত কারুয়া গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি শেরপুর জেলার সদর থানার নয়ানী বাজরা গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইসিই বিভাগে প্রভাষক হিসাবে জনাব আরিফ হোসেন এর যোগদান



জনাব আরিফ হোসেন গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইসিই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রংপুর জেলার সদর থানার পার্বতীপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইউআরপি বিভাগে প্রভাষক হিসাবে জনাব স্নেহা পাল এর যোগদান



জনাব স্নেহা পাল গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েটের ইউআরপি বিভাগ থেকে বিইউআরপি ডিগ্রী সম্পন্ন করেন। তিনি কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর থানার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিইসিএম বিভাগে প্রভাষক হিসেবে জনাব তারেক হোসেন খন্দকার এর যোগদান



জনাব তারেক হোসেন খন্দকার গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রাজশাহী জেলার বোয়ালিয়া থানার রাণীনগর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## বিইসিএম বিভাগে প্রভাষক হিসেবে জনাব অয়ন সাহা এর যোগদান



জনাব অয়ন সাহা গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর বিইসিএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি ফরিদপুর জেলার কোতোয়ালী থানার চকবাজার গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব আজমেরী আক্তার এর যোগদান



জনাব আজমেরী আক্তার গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এমএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রাজশাহী জেলার রাজপাড়া থানার লক্ষীপুর, ভাটপাড় গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব ওয়াহিদুর রহমান সজল এর যোগদান



জনাব ওয়াহিদুর রহমান সজল গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর এমএমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করেন। তিনি বরিশাল জেলার মলুহার থানার বানারীপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে জনাব এম জি তৌফিক আহমেদ এর যোগদান




জনাব এম জি তৌফিক আহমেদ গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি রাজশাহী জেলার শাহ মখদুম থানার মহলদার পাড়া বড় বনগ্রাম এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে জনাব প্রিয় নাথ রায় এর যোগদান



জনাব প্রিয় নাথ রায় গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি রুয়েট এর মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

### মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে জনাব মোঃ সোহানুর রহমান এর যোগদান




জনাব সোহানুর রহমান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর এমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি যশোর জেলার সদর থানার লেবুতলা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### সিএসই বিভাগে প্রভাষক হিসেবে জনাব কাজী সাইদ আলম এর যোগদান



জনাব কাজী সাইদ আলম গত ২০ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। তিনি সিরাজগঞ্জ জেলার কালিবাড়ি রোড এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

### সিস্টেম এনালিস্ট হিসেবে জনাব এস এম সাইফুর রহমান এর যোগদান



জনাব এস এম সাইফুর রহমান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে সিস্টেম এনালিস্ট হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৫ সেপ্টেম্বর ২০১৩ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইআইসিটিতে প্রোগ্রামার হিসাবে যোগদান করেন।

### সিস্টেম এনালিস্ট হিসেবে জনাব মিহির লাল সরকার এর যোগদান



জনাব মিহির লাল সরকার গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে সিস্টেম এনালিস্ট হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ ডিসেম্বর ২০১৪ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে প্রোগ্রামার হিসাবে যোগদান করেন।

### সহকারী রেজিস্ট্রার হিসেবে জনাব মোঃ মনিরুজ্জামান এর যোগদান



জনাব মোঃ মনিরুজ্জামান গত ৩১ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কার্যালয়ে সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৬ জুলাই ২০১২ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কার্যালয়ে সেকশন অফিসার (গ্রেড-১) হিসাবে যোগদান করেন।

### সেকশন অফিসার (গ্রেড-১) হিসাবে জনাব আশীষ কুমার ভৌমিক এর যোগদান



জনাব আশীষ কুমার ভৌমিক গত ২১ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক আইকিউএসি এর কার্যালয়ে সেকশন অফিসার (গ্রেড-১) হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০২ নভেম্বর ২০১৫ ইং তারিখে পরিচালক আইকিউএসি এর কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা হিসাবে যোগদান করেন।

### টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব শেখ আশিকুর রহমান এর যোগদান



জনাব শেখ আশিকুর রহমান গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১০ জুন ২০১২ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় সহকারী টেকনিক্যাল অফিসার হিসাবে যোগদান করেন।

### টেকনিক্যাল অফিসার হিসেবে জনাব মোঃ সোহেল রানা এর যোগদান



জনাব মোঃ সোহেল রানা গত ২৮ জুলাই ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১০ জুন ২০১২ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী টেকনিক্যাল অফিসার হিসাবে যোগদান করেন।

## বিভিন্ন বিভাগের শিক্ষকদের উচ্চতর ডিগ্রি অর্জন

### জনাব এম এ মঈন এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এর সহকারী অধ্যাপক এম এ মঈন গত ২৬ আগস্ট ২০১৯ ইং তারিখে কানাডার Dalhousie University থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Local Fast Reroute With Fine-grained Monitoring And Priority-aware Congestion Control'.

### জনাব মোহাম্মদ ইনসানুর রহমান শুভ এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের সিএসই বিভাগের প্রভাষক জনাব মোহাম্মদ ইনসানুর রহমান শুভ গত ০২ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারি ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Handwritten Numeral Superposition to Printed Form using Deep Auto-Encoder and Recognition using Convolutional Neural Network'.

### জনাব মোঃ আশিক মাহমুদ এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এর প্রভাষক মোঃ আশিক মাহমুদ গত ১৮ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েট এর সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'An Efficient Compression Scheme for Large Natural Language Text'.

### জনাব মোঃ গোলাম কিবরিয়া এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক মোঃ গোলাম কিবরিয়া গত ২১ ডিসেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Ergonomic Compatible Workstation Design for University Teacher's to Improve Productivity'.

### জনাব মোঃ আল আমীন এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আল আমীন গত ২২ ডিসেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Development of a Model to Optimize the Supply Chain Management and it's Application'.

### জনাব মোঃ সোহেল পারভেজ এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) সহকারী অধ্যাপক মোঃ সোহেল পারভেজ গত ২২ ডিসেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Effect of Ergonomic Mismatch between Anthropometry of Students and University Classroom Furniture on Musculoskeletal Disorders'.

### জনাব আবু জর এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কুয়েটের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক আবু জর গত ২২ ডিসেম্বর ২০১৯ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল 'Prototype Development of a Joint Padded Metatarsal Cup to Enhance Female Foot Musculoskeletal Safety'.

## অ্যাওয়ার্ড

কুয়েটের গণিত বিভাগের প্রফেসর ড. বি এম ইকরামুল হক গত ১৮-২০ আগস্ট ২০১৯ ইং তারিখে ভারত এর JECRC University এ অনুষ্ঠিত ICMMAAC-১৯, কনফারেন্স এ বেস্ট ট্রাক পেপার অ্যাওয়ার্ড (লজিসটিকস) পেয়েছেন। তার পেপার টাইটেল ছিল 'On the analytical approximation of the quadratic nonlinear oscillator by modified extended iteration method'.

কুয়েটের ইসিই বিভাগের প্রফেসর ড. মনির হোসেন গত ২০-২২ ডিসেম্বর ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত 'International Conference on Electrical Information and Communication Technology (EICT ২০১৯) এ বেস্ট পেপার অ্যাওয়ার্ড অর্জন করেছেন।

### কুয়েটে ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল 'ইগনিশন ২০১৯' অনুষ্ঠিত

**(শেষ পৃষ্ঠার পর)** ওজোপাডিকো'র ম্যানেজিং ডিরেক্টর প্রকৌশলী মোঃ শফিক উদ্দীন, নিলয় মটরস লিমিটেড এর চিফ মার্কেটিং অফিসার আবু আসলাম, সিনকোস ইঞ্জিনিয়ার্স লিমিটেড এর ডাইরেক্টর (ইঞ্জি) নাসিক এম. আক্কাস।

উল্লেখ্য, "ইগনিশন ২০১৯' এর উদ্বোধন ২৭ সেপ্টেম্বর শুক্রবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।


## শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত




কুয়েটে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শোক র‍্যালিতে নের্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ শহীদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ১৪ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা (অর্ধনমিত) এবং কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের অংশগ্রহণে শোক র‍্যালিতে নের্তৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। র‍্যালী শেষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। চলতি দায়িত্বরত পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইইই অনুষদের ডীন (চলতি দায়িত্ব) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুর রহমান, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এবং অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এ বি এম মহীউদ্দিন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ ইমরুল ইসলাম, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমান এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। দিবসটি পালন উপলক্ষে বাদ আসর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান, সন্ধ্যা ৬ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোর মিছিল এবং সাড়ে ৬ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের মুক্ত মঞ্চে নাটক প্রদর্শিত হয়।

## কুয়েটে শান্তিপূর্ণভাবে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



কুয়েটে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএস-সি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা চলাকালীন কেন্দ্রসমূহ পরিদর্শন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএস-সি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা ১৮ অক্টোবর ২০১৯, শুক্রবার সকাল ০৯.৩০টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত কুয়েট ক্যাম্পাসসহ নিকটস্থ টিচার্স ট্রেনিং (টিটি) কলেজ ও এইচএসটিটিআই এবং নগরীর বয়রাস্থ খুলনা সরকারি মহিলা কলেজ ও সরকারি মডেল স্কুল এন্ড কলেজে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এ শিক্ষাবর্ষে মোট ১২৩৪৮ জন আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পায়। তন্মধ্যে ১০০৬৩ জন পরীক্ষার্থী (৮১.৫০%) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষা চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে ভর্তি পরীক্ষা কমিটির সদস্যবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী, প্রশাসনিক ও আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ, গণমাধ্যম কর্মীগণ, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদ্‌যাপিত



কুয়েটে মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে শ্রদ্ধা নিবেদন করনে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস ২০১৯ উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সকাল ১০টায় ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে জাতীয় সংগীতের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, এসময় বিশ্ববিদ্যালয় বিএনসিসি'র একটি চৌকশ দল জাতীয় পতাকাকে সালাম প্রদান করেন। এরপর ডীনবৃন্দকে সঙ্গে নিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন পুস্পমাল্য অর্পণ করেন। *(২য় পৃষ্ঠায় দেখুন)*

## কুয়েটে ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল 'ইগনিশন ২০১৯' অনুষ্ঠিত




কুয়েটে "হিরো ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল ইগনিশন ২০১৯" অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পুরষ্কার বিতরণ করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে তিন দিনব্যাপী 'হিরো ন্যাশনাল মেকানিক্যাল ফেস্টিভ্যাল ইগনিশন ২০১৯' অনুষ্ঠিত হয়েছে। ২৮ সেপ্টেম্বর শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টিভ্যালের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর বলেন, "আমাদেরকে একাডেমিক এবং ইন্ড্রাস্ট্রিয়াল কোলাবোরেশন এর সুযোগ সৃষ্টি করতে হবে। ফেস্টিভ্যাল শিক্ষার্থীর মেধাকে শাণিত করে, তাদেরকে যোগ্যতাসম্পন্ন ও ইনোভেটিভ করে"।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, *(১১তম পৃষ্ঠায় দেখুন)*


## প্রকাশনা কমিটি

| | |
|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সভাপতি |
| প্রফেসর ড. সজল কুমার অধিকারী<br>সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| ড. মোঃ সেলিম হোসেন<br>সহযোগী অধ্যাপক, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>পাবলিক রিলেশনস অফিসার | সদস্য-সচিব |

প্রকাশনা কমিটি কর্তৃক জনসংযোগ ও তথ্য শাখা থেকে প্রকাশিত।